রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ১৫, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

প্রজ্ঞাপন (শুল্ক)

ঢাকা, তারিখঃ ১৩ই নভেম্বর, ১৯৯৪/২৯ কার্ত্তিক ১৪০১ বাং

এস, আর, ও নং ৩২৪-আইন/৯৪/১৫৭১/কাস—Customs Act, 1969 (IV of 1969) এর section 219 উক্ত Act এর Third Schedule এর Item 17 এর সহিত পঠিতব্য এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্ন বর্ণিত বিধিমালা প্রনয়ণ করিল, যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রয়োগ।—(১) এই বিধিমালা যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানী) বিধিমালা, ১৯৯৪ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা পর্যটক এবং যে সকল যাত্রীর ক্ষেত্রে Privileged persons Baggage Rules, 1985 প্রযোজ্য হয় সেই সকল যাত্রীর জন্য প্রযোজ্য হইবে না।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় "ব্যাগেজ" অর্থ কোন যাত্রীর যুক্তিসংগত পরিমাণের ব্যবহৃত বা নতুন ব্যক্তিগত ব্যবহার্য পরিধেয় সামগ্রী এবং অন্যাবিধ ব্যক্তিগত ও গৃহস্থালী সামগ্রী;

তবে শর্ত থাকে যে, অনুরূপ সামগ্রী তাহার ব্যক্তিগত ব্যবহার বা তাহার পরিবারের কোন সদস্যের ব্যবহারের জন্য অথবা উপহার প্রদানের জন্য আমদানী করা যাইবে এবং উহা করারোপযোগ্য হউক বা না হউক বিক্রয়, বিজ্ঞাপণ বা বিপণীতে প্রদর্শনের জন্য আমদানী করা যাইবে না।

৩। শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক মুক্ত আমদানী সুবিধাদি।—(১) এই বিধিমালার বিধান সাপেক্ষে আকাশ এবং জলপথে আগত একজন যাত্রী কর্তৃক তাহার সংগে আনীত হাত ব্যাগ ও কেবিন ব্যাগ এবং অনুর্ধ ৩২" (বত্রিশ) দৈর্ঘ্য



মূল্যঃ টাকা ৩.০০

বিশিষ্ট দুইটি স্যুটকেসে অথবা আয়তন নিবিশেষে অনধিক ৬৫(পয়ষট্টি) কিলোগ্রাম ওজনের অতিরিক্ত নহে এইরূপ দুইটি কার্টুন, ব্যাগে বা বস্তা বা সুটকেসের সম-আকারের দুইটি ট্রাংকে আনীত ব্যক্তিগত, এবং গৃহস্থালী সামগ্রী ব্যাগেজ হিসাবে শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক মুক্তভাবে খালাস পাইবেঃ

তবে শর্ত থাকে যে, দুইটির অতিরিক্ত একটি স্যুটকেস (অর্থাৎ তৃতীয়টিতে) যদি ব্যক্তিগত ও পরিধেয় কাপড় চোপড় কিংবা বই, সাময়িকী অথবা অন্য কোন পড়া-শুনার সামগ্রী বা শিক্ষার উপকরণ থাকে তবে উহাও এই বিধির অধিনে সুবিধা পাইবে।

(২) ব্যক্তিগত ও যুক্তিসংগত পরিমাণ খাদ্য দ্রব্যসহ গৃহস্থালী সামগ্রী ছাড়া অন্য সকল পণ্যের জন্য শুল্ক প্রদান করিতে হইবে এবং যদি নূতন ব্যক্তিগত ও গৃহ-স্থালী সামগ্রী বানিজ্যিক পরিমাণে আমদানী করা হয় তবে ঐ সকল পণ্যের জন্যও শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক প্রদান করিতে হইবে।

(৩) টেলিভিশন সেট, রিসিভারসহ ডিশ এন্টেনা, ভিডিও ক্যাসেট রেকর্ডার, ভিডিও ক্যাসেট প্লেয়ার, রেফ্রিজারেটর, ডিপ ফ্রিজার, ডিস ওয়াসার, এবং হেয়ার ড্রাইয়ার, ব্যতীত অন্যান্য সকল প্রকার ড্রাইয়ার, সেলাই মেশিন, নিটিং মেশিন, একাধিক টেলি-ফোন সেট, সর্ব প্রকার ফ্যান, এয়ার কুলার, এয়ার কন্ডিশনার,, কম্পিউটার, ফটো-কপিয়ার, ফটো এনলারজার, ফ্যাক্স ও টেলেক্স মেশিন, বাথরুম ফিটিংস, টাইলস, ঝাড় বাতি, নির্মাণ কার্যে ব্যবহার্য উপাদানসমূহ, আসবাব পত্র ও ফিকচারস, বৈদ্যুতিক মটর পাম্প, ওয়াল পেপার, সাইকেল ব্যতিত সকল প্রকার যানবাহন ও উহার যন্ত্রাংশ, আগ্নেয়াস্ত্র, গোলাবারুদ, ব্যক্তিগত ব্যবহার্য ঔষধ ব্যতিত সকল ঔষধ, কুকিং ওভেন বা মাইক্রোওভেন, ওয়াশিং মেশিন, মিউজিক সেন্টার, ব্যক্তিগত অথবা গৃহস্থালী সামগ্রী হওয়া সত্বেও, শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আদায়যোগ্য পণ্য হিসাবে বিবেচিত হইবে।

ব্যাখ্যাঃ এই উপ-বিধিতে মিউজিক সেন্টার অর্থে রেডিও ও ক্যাসেট ডেকের সহিত টার্ণ টেবিল, এম্পলিফায়ার, ইক্যুয়ালাইজার এবং স্পীকার আমদানীকে বুঝাইবে।

(৪) কোন বাংলাদেশী নাগরিক কোন প্রকার মদ্য জাতীয় পণ্য বা সিগারেট আম-দানী করিতে পারিবেন না এবং কেবল মাত্র বিদেশী নাগরিকরা এক বোতল অথবা ১/৬ গ্যালন পর্যন্ত মদ্য জাতীয় পানীয় (যেমন, স্পিরিট, মদ্য, বিয়ার ইত্যাদি) এবং ২০০(দুই শত) শলাকা সিগারেট, শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক মুক্ত-ভাবে আমদানী করিতে পারিবেন।

(৫) উপ-বিধি (২) ও (৩) এ উল্লিখিত সুবিধার অতিরিক্ত কোন পণ্য অথবা এই বিধিমালার তফশিল-১ এ বিদধৃত হয় নাই এইরূপ পণ্যাদি আমদানী করিলে তাহা, আমদানী নীতি আদেশের বিধান সাপেক্ষে কার্যকর হারে প্রযোজ্য শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক প্রদান করিয়া খালাস করা যাইবে, এবং উক্ত তফশিল ১ এ, বর্ণিত পণ্যের ক্ষেত্রে উক্ত তফশিলের সংশ্লিষ্ট পণ্যের বিপরীতে উল্লি-খিত হারে শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক প্রদান করিতে হইবে।

(৬) একজন ডাক্তার কর্তৃক বিদেশে ভ্রমণ নির্বিশেষে তাহার পেশায় নিত্য ব্যবহার্য এবং সহজে বহনযোগ্য যন্ত্রপাতি শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক মুক্ত-ভাবে খালাস করিতে পারিবেন এবং অন্য যে কোন একজন যাত্রী তাহার সংগে আনীত একটি ল্যাপটপ কম্পিউটার এবং নিজস্ব পেশাগত দ্রব্য সামগ্রী শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক মুক্তভাবে খালাস লইতে পারিবেন।

(৭) বিদেশে বসবাসরত একজন বাংলাদেশী যাত্রী বাংলাদেশে ভ্রমণের উদ্দেশ্যে আগমনকালে আগমনের তিন মাসের মধ্যে বিদেশে ফেরত লইয়া যাইবেন মর্মে সহকারী কালেকটর এর নিম্নে নহেন এরূপ কর্মকর্তার বরাবরে ব্যক্তিগত গ্যারান্টি দাখিল করিয়া এবং যাত্রীর পাসপোর্টে এই বিষয়ে যথাযথভাবে লিপিবদ্ধ করিয়া একটি মাইক্রো কম্পিউটার সাময়িক আমদানীর আওতায় আমদানী করিতে পারিবেন।

(৮) বিদেশে অবস্থানের মেয়াদ নির্বিশেষে একজন বাংলাদেশী যাত্রী বিদেশ হইতে আগমনের সময় অথবা বিদেশে বসবাসরত বাংলাদেশী কোন যাত্রী বাংলাদেশে আগমনের সময় প্রতি তোলা স্বর্ণ ৩০০/ (তিনশত) টাকা ও প্রতি তোলা রৌপ্য ৬(ছয়) টাকা হারে শুল্ক প্রদান করিয়া অনধিক দুই কেজি ওজনের স্বর্ণ বা রৌপ্য আমদানী করিয়া খালাস লইতে পারিবেন এবং ২০০(দুই শত) গ্রাম ওজনের স্বর্ণ অলংকার বা রৌপ্য অলংকার শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধ ব্যতিরেকে আমদানী করা যাইবে।

(৯) এই বিধি মালায় যাহা কিছুই থাকুকনা কেন দুই বৎসরের কম বয়স্ক একজন শিশু এই বিধির আওতায় স্বতন্ত্র যাত্রী হিসাবে কোন সুবিধা পাইবে না।

৪। স্থল পথে আগত যাত্রী কর্তৃক আমদানী সুবিধা।—এই বিধিমালায় অন্য যাহা কিছুই থাকুকনা কেন, বিদেশে অবস্থানের মেয়াদ নির্বিশেষে স্থলপথে আগত একজন যাত্রী সর্বোচ্চ ১,০০০ (এক হাজার) টাকা মূল্যের দ্রব্য সামগ্রী শুল্ক, মূল্যে সংযোজন কর, ও সম্পূরক শুল্ক মুক্তভাবে আমদানী করিতে পারিবেন।

৫। ক্রুদের জন্য সুবিধা।—এই বিধিমালার অন্যত্র যাহাই থাকুক না কেন, (ক) কর্তব্য পালনের পর কোন বিদেশী বিমান বন্দর হইতে আগমনকারী বাংলাদেশ বিমানের কোন ক্রু ব্যক্তিগত বা গৃহস্থালীতে ব্যবহার্য সর্বোচ্চ ১৫০০ (এক হাজার পাঁচ শত) টাকা মূল্যের দ্রব্য সামগ্রী শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ব্যতিরেকে আমদানী করিতে পারিবেন ঃ

(খ) কোন বিদেশী বন্দর হইতে আগমনকারী কোন জাহাজের নাবিক বা কর্মকর্তা ব্যক্তিগত ব্যবহার্য দ্রব্যাদি শুল্কমুক্তভাবে আমদানি করিতে পারিবেন। তাহা ছাড়া আরোপযোগ্য শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধক্রমে শুল্কায়নযোগ্য দ্রব্য সামগ্রীও আমদানী করিতে পারিবেন, যদি তিনি সাইন অফ(sign off) করেন ঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ দ্রব্য সামগ্রীর সর্বোচ্চ মূল্য প্রত্যেক পঞ্জিকা বর্ষে ১২,০০০ (বার হাজার) টাকার অধিক হইবে না।

৬। গ্রীণ এবং রেড চ্যানেল ব্যবহার।—(১) কোন যাত্রী যদি শুল্কারোপযোগ্য দ্রব্য বহণ না করেন, তাহা হইলে তিনি বিমান বন্দরের গ্রীণ চ্যানেল (যদি থাকে) ব্যবহার করিতে পারিবেন।

(২) উপ বিধি (১) -এ যাহা কিছুই থাকুক না কেন, কোন শুল্ক কর্মকর্তা, যুক্তি সংগত সন্দেহবশতঃ, গ্রীণ চ্যানেল অতিক্রমকারী যে কোন যাত্রীর ব্যাগেজ পরীক্ষা করিতে পারিবেন।

৭। সকল যাত্রীর জন্য শুল্ক ঘোষণাপত্রের বিধান।—বিদেশ হইতে আগত সকল যাত্রী তাঁহার সংগে আনীত শুল্কযোগ্য দ্রব্য সামগ্রীর জন্য শুল্ক কর্তৃপক্ষের নিকট তফশিল-২ এর ফরম পূরণ করিয়া ব্যাগেজ ঘোষণাপত্র প্রদান করিবেন।

৮। মৃত ব্যক্তির ক্ষেত্রে অব্যাহতি।—এই বিধিমালার যাহা কিছুই থাকুক না কেন, কোন বাংলাদেশী নাগরিক বিদেশে মৃত্যুবরন করিলে তাহার প্রকৃত ব্যাগেজ(Bona-fide baggage) শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক প্রদান হইতে অব্যাহতি পাইবে।

৯। বাতিল।-যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানী) বিধিমালা, ১৯৯৩ এতদ্বারা বাতিল করা হইল।

তফসিল-১

(বিধি ৩(৬) দ্রষ্টব্য)

নিম্নে বর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লেখিত দ্রব্য সামগ্রী কলাম (২) উল্লেখিত হারে শুল্ক, মূল্য সংযোজন কর এবং প্রযোজ্য ক্ষেত্রে সম্পূরক শুল্ক প্রদানপূর্বক খালাস লওয়া যাইবে।

টেবিল

| দ্রব্য সামগ্রীর বর্ণনা | শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের সর্বমোট পরিমাণ। |
|---|---|
| ১ | ২ |
| ১।(ক) রংগিন টেলিভিশন | প্রতি ইঞ্চি ৩৮০/- টাকা হারে |
| (খ) সাদা কালো টেলিভিশন | ,, ,, ১০০/- ,, ,, |
| ২। ভিডিও ক্যাসেট রেকর্ডার (ভি, সি, আর) | প্রতিটি ৮,০০০/- টাকা ,, |
| ৩। ভিডিও ক্যাসেট প্লেয়ার (ভি, সি, পি) | ,, ৪,০০০/- ,, ,, |
| ৪। রেফ্রিজারেটর/ডিপফ্রিজার | প্রথম তিন সিএফটির জন্য প্রতিটি ২,৫০০/- টাকা এবং পরবর্তী প্রতি ১ (এক) সিএফটি ৪০০/- টাকা হিসাবে। |
| ৫। ডিশ-ওয়াসার (গৃহস্থালী) | প্রতিটি ১৪০০/- টাকা |
| ৬। ওয়াশিং মেশিন | ,, ১৫০০/- ,, । |
| ৭। ক্লথ ড্রাইয়ার | ,, ১৯০০/- ,, । |
| ৮। (ক) হস্তচালিত সেলাই মেশিন | ,, ৫০০/- ,, । |
| (খ) বিদ্যুৎ চালিত সেলাই মেশিন | ,, ১৪০০/- ,, । |
| ৯। নিটিং মেশিন | ,, ৪৫০/- ,, । |
| ১০। ফটোকপিয়ার/ফটো এনলার্জার | ,, ৮৩০০/- ,, । |

| ১ | | ২ |
|---|---|---|
| ১১। | টেলিফোন সেট ঃ | |
| (ক) | সাধারণ | প্রতিটি ৩৪০/--টাকা |
| (খ) | পুশ বাটন | ,, ৬৩০/- ,, |
| (গ) | কর্ডলেস/দুই লাইন সিষ্টেম | ,, ৮৪০/- ,, |
| ১২। | ফ্যান ঃ | |
| (ক) | টেবিল ফ্যান (ছোট) | প্রতিটি ১৫০/- টাকা |
| (খ) | ,, ,, (সাধারণ) | ,, ৫০০/- ,, |
| (গ) | ,, ,, (বড়) | ,, ৭০০/- ,, |
| (ঘ) | প্যাডেষ্টাল ফ্যান | ,, ৯০০/- ,, |
| ১৩। | এয়ার কুলার | প্রতিটি ১৬,৫০০/=টাকা। |
| ১৪। | এয়ার কন্ডিশনার ঃ | |
| (ক) | উইনডো টাইপ (windo type) | প্রতিটি প্রথম ১২,০০০ BTU পর্যন্ত ১০,০০০/- টাকা এবং পরবর্তী প্রতি ১০০০/- BTU এর জন্য ৫০০/- টাকা হারে। |
| (খ) | স্পীলিট্ টাইপ(split type) | প্রতিটি প্রথম ১২০০০ BTU পর্যন্ত ১৫,০০০/- টাকা এবং পরবর্তী প্রতি ১০০০/- BTU এর জন্য ৫০০/- টাকা হারে। |
| ১৫। | ফ্যাক্সমেশিন | প্রতিটি ১১,০০০/- টাকা। |
| ১৬। | ওভেন ঃ | |
| (ক) | সাধারণ | প্রতিটি ১০০০/- টাকা। |
| (খ) | মাইক্রোওভেন | ,, ২৯০০/- ,, |
| (গ) | বৈদ্যুতিক ওভেন | ,, ৫০০/- ,, |
| ১৭। | ডিশএন্টেনা | প্রতিটি ৫৩০০/- টাকা |
| ১৮। | স্যাটেলাইট রিসিভার | ,, ২৪০০/- ,, |
| ১৯। | মিউজিক সেন্টার | ,, ৪৮০০/- ,, |
| ২০। | কম্প্যাকট ডিস্ক(CD)লেজার ডিস্ক প্লেয়ার | ,, ১৩৭০০/- ,, |
| ২১। | ডেস্কটপ কম্পিউটার | ,, ১৫০০/- ,, |

তফসিল—২
(বিধি-৭ দ্রষ্টব্য)
(ব্যাগেজ ঘোষণা পত্রের ফরম)

১। যাত্রীর নাম :

২। পাসপোর্ট নং :

৩। ফ্লাইট নং :

৪। আগমনের তারিখ :

৫। জাতীয়তা :

৬। আপনার সংগে আনিত স্যুটকেস এবং হাত ব্যাগ/কেবিন ব্যাগের সংখ্যা কত ?

৭। আপনার নিকট ২০০(দুইশত) গ্রামের চেয়ে বেশী ওজনের স্বর্ণ অথবা রূপার অলংকার আছে কি। অথবা/এবং ২(দুই) কেজির চেয়ে বেশী ওজনের স্বর্ণ রৌপ্য পিণ্ড আছে কি?

আছে নাই

(উল্লেখ্য যে, ২০০(দুইশত) গ্রাম ওজনের স্বর্ণ/রূপার অলংকার বিনা শুল্কে এবং ২(দুই) কেজি পর্যন্ত স্বর্ণ/রৌপ্য পিণ্ড শুল্ক প্রদান সাপেক্ষে খালাসযোগ্য)

৮। আপনার নিকট কোন মদ/মদ্যজাতীয় পানীয়/সিগারেট মাদক দ্রব্য আছে কি ?

আছে নাই

৯। আপনার নিকট ৫,০০০(পাঁচ হাজার) মার্কিন ডলারের অধিক কোন বৈদেশিক মুদ্রা আছে কি?

আছে নাই

১০। এই ফরমের অপর পৃষ্ঠায় উল্লিখিত কোন শুল্কযুক্ত পণ্য আপনার ব্যাগেজে আছে কি?

আছে নাই

স্বাক্ষর :

তারিখ :

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
ডঃ রশিদ-উল আহসান চৌধুরী
প্রথম সচিব (শুল্ক)।

ব্যাগেজে আনিত শুল্কায়নযোগ্য পণ্যের সংক্ষিপ্ত তালিকা

(ক) ব্যক্তিগত এবং গৃহস্থালী কাজে ব্যবহৃত হয়না এমন কোন পণ্য ব্যাগেজে আমদানী করা হলে শুল্ক, মুসক ও সম্পূরক শুল্ক আদায়যোগ্য।

(খ) দুইটি স্যুটকেসের বেশী অতিরিক্ত স্যুটকেসে আনিত ব্যক্তিগত ও গৃহস্থালী পণ্যের ক্ষেত্রে শুল্ক, মুসক ও সম্পূরক শুল্ক আদায়যোগ্য। তবে তৃতীয় স্যুটকেসে আনিত বই পত্র, সাময়িকী বা শিক্ষার উপকরণ শুল্কমুক্ত খালাস-যোগ্য।

(গ) বাণিজ্যিক পরিমাণে যে কোন পণ্য ব্যাগেজে আমদানী করা হলে শুল্ক, মুসক ও সম্পুরক শুল্ক আদায়যোগ্য।

(ঘ) প্রবাসী বাংলাদেশী নাগরিক ব্যাগেজ হিসেবে ফেরৎযোগ্য ভিত্তিতে একটি মাইক্রো কম্পিউটার ব্যক্তিগত গ্যারান্টি দাখিল সাপেক্ষে তিন মাসের জন্য দেশে ব্যবহারের নিমিত্তে খালাস নিতে পারবেন।

(ঙ) বাংলাদেশী নাগরিকের ক্ষেত্রে মদ/মদ্যজাতীয় পানীয় এবং সিগারেট আমদানী নিষিদ্ধ।

(চ) নিম্নে বর্ণিত পণ্য ব্যক্তিগত ও গৃহস্থালী পণ্য হলেও ব্যাগেজ হিসেবে আমদানীর ক্ষেত্রে প্রতিটির পার্শ্বে ব্র্যাকেটে উল্লিখিত নির্দিষ্ট পরিমাণ টাকা শুল্ক, মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্ক হিসেবে পরিশোধ করতে হবেঃ--

(১) রংগীন টেলিভিশন (প্রতি ইঞ্চি ৩৮০ টাকা), (২) সাদাকালো টেলিভিশন (প্রতি ইঞ্চি ১০০ টাকা); (৩) ভি, সি, আর (প্রতিটি ৮,০০০ টাকা), (৪) ভি, সি, পি (প্রতিটি ৪,০০০ টাকা), (৫) রিফ্রিজারেটর/ডিপফ্রিজার (প্রতিটি প্রথম তিন সিএফটির জন্য ২,৫০০ টাকা এবং পরবর্তী প্রতি সিএফটির জন্য ৪০০ টাকা), (৬) ডিশ ওয়াসার (প্রতিটি ১,৪০০ টাকা), (৭) ওয়াশিং মেশিন (প্রতিটি ১,৫০০ টাকা), (৮) ক্লথ ড্রায়ার (প্রতিটি ১,৯০০ টাকা), (৯) হস্তচালিত সেলাই মেশিন (প্রতিটি ৫০০ টাকা), (১০) বিদ্যুৎ চালিত সেলাই মেশিন (প্রতিটি ১,৪০০ টাকা), (১১) নিটিং মেশিন (প্রতিটি ৪৫০ টাকা), (১৩) টেলিফোন সেট (সাধারণ প্রতিটি ৩৪০ টাকা, পুশ বাটন, প্রতিটি ৬০০ টাকা, কর্ডলেস সেট বা দুই লাইন সিস্টেম প্রতিটি ৮৪০ টাকা), (১৫) এয়ার কুলার (প্রতিটি ১৬,৫০০ টাকা), (১৬) উইণ্ডো টাইপ এয়ার কণ্ডিশনার (প্রতিটি প্রথম ১২,০০০ বিটিইউ এর জন্য ১০,০০০ টাকা এবং পরবর্তী প্রতি এক হাজার বিটিইউ এর জন্য ৫০০ টাকা), (১৭) স্প্লীট টাইপ এয়ার কণ্ডিশনার (প্রতিটি প্রথম ১২,০০০ বিটিইউ এর জন্য ১৫,০০০/-টাকা এবং পরবর্তী প্রতি এক হাজার বিটিইউ এর জন্য ৫০০ টাকা), (১৮) ফ্যাক্স মেশিন (প্রতিটি ১১,০০০/-টাকা), (১৯) ওভেন (সাধারণ ওভেন, প্রতিটি ১০০০/-টাকা, মাইক্রোওভেন প্রতিটি ২,৯০০/-টাকা, বৈদ্যুতিক ওভেন প্রতিটি ৫০০/- টাকা), (২০) ডিস এন্টেনা (প্রতিটি ৫,৩০০/ টাকা), (২১) স্যাটেলাইট রিসিভার (প্রতিটি ২,৪০০/- টাকা), (২২) মিউজিক সেন্টার (প্রতিটি ৪,৮০০/- টাকা), (২৩) সি, ডি লেজার প্লেয়ার (প্রতিটি ১৩,৭০০ টাকা), (২৪) ডেস্কটপ কম্পিউটার (প্রতিটি ১৫,০০০/- টাকা), (২৫) স্বর্ণপিণ্ড (প্রতি তোলা/১১·৬৬৪ গ্রাম ৩০০/- টাকা), (২৬) রৌপ্য পিণ্ড (প্রতি তোলা/১১·৬৬৪ গ্রাম ৬-টাকা)।

## Schedule-2

(Sec. Rule-7)

(Baggage Declaration Form)

1. Passenger's Name :

2. Passport No. :

3. Flight No. :

4. Date of Arrival :

5. Nationality :

6. State the number of suitcases and hand bags/cabin bags carried by you as accompanied baggage ?

7. Do you have gold/silver ornaments weighing more than 200 (Two hundred) gram, or, do you have gold/silver bullion weighing more-than 2 kg ?

   Yes No.

   (Gold/Silver ornaments upto 200 (two hundred) gram. can be cleared duty free and gold/silver bullion weighing upto 2 Kg. can be cleared on payment of duty).

8. Do you have in your possession alcohol/alcoholic beverage/cigarette/drugs ?

   Yes No

9. Do you have any foreign currency in excess of 5000 (five thousand) U. S. dollars ?

   Yes No

10. Do you have in your baggage any dutiable item which is listed on the reverse side of this form.

    Yes No

Signature :

Date :

**A brief list of dutiable items importable as baggage**

(a) Any item brought as baggage, but not falling in the category of personal and household effects, is subject to the payment of CD/VAT and supplimentary duty.

(b) Personal and household effects brought in suitcase/suitcases in excess of the alloted two suitcases, is/are, subject to the payment of CD/VAT and supplementary duty. However books, magazines and educational items, if brought in a third suitcase, can be cleared duty free.

(c) Any item brought as baggage in commercial quantity is subject to the payment of CD/VAT and supplementary duty.

(d) A Micro-Computer can be imported on returnable basis by a Bangladeshi citizen residing abroad provided he submits a personal undertaking that the micro-computer will be re-exported within three months.

(e) Bangladeshi citizens are not permited to import alcohol/alcoholic beverage and cigarette as baggage.

(f) Items listed below (in spite of being personal and household effects) can be imported as baggage on payment of fixed amount (mentioned within bracket) as CD/VAT and supplementary duty.

(1) Coloured Television (Taka 380/- per inch), (2) Black and white television (Taka 100/- per inch) (3) V. C. R (Taka 8000/- per piece) (4) V. C. P. (Taka 9000/- per piece) (5) Refrigerator/deep freezer (for the first three CFT Taka 2500/- and subsequent CFT Taka 400/- per piece) (6) Dish washer (Taka 1400/- per piece) (7) Washing machine (Taka 1500/- per piece) (8) Cloth dryer (Taka 1900/- per piece) (9) Hand sewing machine (Taka 500/- per piece) (10) Electric sewing machine (Taka 1400/- per piece) (11) Knitting machine (Taka 450/- per piece) (12) Photo-copier/Photo-enlarger (Taka 8300/- per piece) (13) Telephone set (ordinary Taka 340/- per piece, push button Taka 600/- per piece, Cordless or two line system Taka 840/- per peice) (14) Table fan (small Taka 150/- per piece, medium Taka 500/- per piece, Big Taka 700/- per piece) Padestal fan (Taka 900/-

per piece) (15) Air cooler (Taka 16,500/-per piece) (16) Window type air-conditioner (for the first 12000 BTU Taka 10,000/-and for each subsequent 1000 BTU Taka 500/- per piece) (17) Split type air-conditioner (for the first 12000 BTU Taka 15000/- and for each subsequent BTU Taka 500/- per piece) (18) Fax machine (Taka 11000/- per piece) (19) Oven (ordinary Taka 1000/-, Micro-oven Taka 2900/-, electric oven Taka 500/- per piece) (20) Dish Antenna (Taka 5300/- per piece) (21) Satellite receiver (Taka 2400/- per piece) (22) Music centre (Taka 4800/- per piece) (23) C. D. Lases player (Taka 13700/- per piece) (24) Desktop computer (Taka 15000/- per piece) (25) Gold bullion (Taka 300/- per Tola/11·664 gm.) (26) Silver bullion (Taka 6/- per tola/11·664 gm.).

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।